

প্রধান শিক্ষকের শুভেচ্ছা :—

'নতুন কলম' কামাখ্যা বিদ্যালয়ের কচি ও কাঁচাদের লেখায় সমৃদ্ধ হয়ে দ্বিতীয় বর্ষে পদার্পন করলো। বিদ্যালয়ের শিশু ও কিশোর - কিশোরী লেখক-লেখিকাদের অনেক আশা ও আকাঙ্ক্ষার মূর্তরূপ এই ক্ষুদ্র পত্রিকাটি। দু বছরের পত্রিকায় তাদের চিন্তা ভাবনার মুদ্রিতরূপ, তরুণ লেখক - লেখিকাদের মনে সাহিত্য চর্চার ক্ষেত্রে গভীরতর প্রত্যয়ের সৃষ্টি অবশ্যই করবে। কিন্তু মুদ্রন ব্যয় এমন আকাশচুম্বি হয়ে উঠেছে যে এই জাতীয় পত্রিকার দীর্ঘ জীবন কামনা করা বড়ই কঠিন। তবুও আন্তরিক ভাবে আশা করবো যে 'নতুন কলম' অকালে স্তব্ধ হয়ে যাবেনা আরো আশা করবো এই কচি-কাঁচা লেখকদের মধ্যে থেকে অন্ততপক্ষে কয়েকজন প্রকৃতার্থে সাহিত্য সৃষ্টির কৃতিত্ব অর্জন করবে আগামী দিনে। তাদের সেই সাফল্যের দিনে, আমি থাকবো না কিন্তু সেদিনও তাদের সঙ্গে থাকবে আমার শুভেচ্ছা ও আশীর্বাদ।

অনিল কুমার সোম

প্রধান শিক্ষক

কামাখ্যা বিদ্যালয়।